

💵 হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ সালাত ও আনুষঙ্গিক প্রসঙ্গ - (ঘ) সুন্নাত-নফল সালাত বিষয়ক রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৬. হালকী নফল

রাসূলুল্লাহ (ﷺ) শেষ রাতে তাহাজ্জুদ আদায়ের পরে বিত্র আদায় করতেন। এরপর দুই রাক'আত নফল সালাত আদায় করতেন। একটি হাদীসে উল্লেখ করা হয়েছে যে, বিত্র-এর পরে দু রাক'আত নফল সালাত আদায় করলে 'তাহাজ্জুদ' বা কিয়ামুল্লাইলের সাওয়াব পাওয়া যায়।

হাদীস দ্বারা এতটুকুই প্রমাণিত। এ বিষয়ক প্রচলিত জাল ও ভিত্তিহীন কথার মধ্যে রয়েছে: "বেতের নামাজ পড়ার পর দুই রাকাত নফল নামাজ আদায় করিলে একশত রাকাত নামাজ পড়ার ছওয়াব হাসিল হয়। প্রতি রাকাতে সুরা ফাতেহার পর সূরা একলাছ ৩ বার করিয়া পাঠ করিয়া নামাজ আদায় করিতে হয়…। এগুলি সবই ভিত্তিহীন কথা বলে প্রতীয়মান হয়।

ফুটনোট

- [1] দারিমী, আস-সুনান ১/৪৫২।
- [2] মো. বসির উদ্দীন আহমদ, নেক আমল, পৃ. ১৬৮।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4943

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন